# আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬ : ৩

## আরবি মূল আয়াত:

خَافِضَةٌ رَّافِعَةٌ ﴿٣﴾

## অনুবাদসমূহ:

তা কাউকে ভূলুণ্ঠিত করবে এবং কাউকে করবে সমুন্নত। — আল-বায়ান

(অনেককে করা হবে) নীচু, (অনেককে করা হবে) উঁচু, — তাইসিরুল

এটা কেহকে করবে নীচ, কেহকে করবে সমুন্নত; — মুজিবুর রহমান

It will bring down [some] and raise up [others]. — Sahih International

### ৩. এটা কাউকে করবে নীচ, কাউকে করবে সমুন্নত(১);

(১) “নীচুকারী ও উচুকারী” এর একটি অর্থ হতে পারে। সেই মহা ঘটনা সব কিছু উলটপালট করে দেবে। কেয়ামত ভয়াবহ হবে এবং এতে অভিনব বিপ্লব সংঘটিত হবে। আরেকটি অর্থ এও হতে পারে যে, তা নীচে পতিত মানুষদেরকে উপরে উঠিয়ে দেবে এবং উপরের মানুষদেরকে নীচে নামিয়ে দেবে। আরেকটি অর্থ এও হতে পারে যে, সেটার সংবাদ কাছের লোকদেরকে আস্তে আসবে আর দূরের লোকদের কাছে উচু স্বরে আসবে। মোটকথা: সেই মহাসংবাদটি দূরের কাছের সবাই শোনতে পাবে। আরেকটি অর্থ হচ্ছে, কিয়ামতের সেদিন কাউকে উঁচু জান্নাতে স্থান করে দেয়া হবে আর কাউকে নীচু জাহান্নামে নিক্ষেপ করা হবে। [ইবন কাসীর; কুরতুবী; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

### (৩) এটা কাউকেও করবে অবনত, কাউকেও করবে সমুন্নত। [1]

[1] অবনত ও সমুন্নত করা বলতে লাঞ্ছিত ও সম্মানিত করা বুঝানো হয়েছে। অর্থাৎ, কিয়ামত আল্লাহর অনুগত বান্দাদেরকে সমুন্নত ও সম্মানিত এবং তাঁর অবাধ্যজনদেরকে অবনত ও লাঞ্ছিত করবে; যদিও দুনিয়াতে ব্যাপার এর বিপরীত হয়। ঈমানদাররা সেখানে সম্মানিত ও মর্যাদাবান হবেন এবং কাফের ও অবাধ্যজনরা সেখানে লাঞ্ছিত ও অপদস্থ হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4982

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন